# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ২. ২০. দাউদ-যোদ্ধা কর্তৃক নিহতদের সংখ্যায় বৈপরীত্য

২ শমূয়েল-এর ১০ অধ্যায় এবং ১ বংশাবলি ১৯ অধ্যায়ে দাউদের যুদ্ধের বিবরণ ও নিহতদের সংখ্যা বলা হয়েছে। তবে উভয় বর্ণনার মধ্যে অনেক বৈপরীত্য। একটা বিষয় দেখুন। ২ শমূয়েল ১০/১৮ বলছে: “কিন্তু ইসরায়েলীয়দের সামনে থেকে তারা পালিয়ে গেল। তখন দাউদ তাদের সাতশো রথচালক এবং চল্লিশ হাজার ঘোড়সওয়ারকে মেরে ফেললেন।” (মো.-১৩)

পক্ষান্তরে ১ বংশাবলি ১৯/১৮ বলছে: “কিন্তু ইসরায়েলীয়দের সামনে থেকে তারা পালিয়ে গেল। তখন দাউদ তাদের সাত হাজার রথচালক ও চল্লিশ হাজার পদাতিক সৈন্য মেরে ফেললেন।” (মো.-১৩)

উভয় বক্তব্যের মধ্যে বৈপরীত্য লক্ষ্য করুন! রথচালকের বর্ণনায় ৭ শত ও ৭ হাজারের বৈপরীত্য। আর চল্লিশ হাজারের ক্ষেত্রে পদাতিক ও ঘোড়সওয়ারের বৈপরীত্য! ঐশী গ্রন্থে বা পবিত্র আত্মার রচিত গ্রন্থে কি এমন বৈপরীত্য থাকা সম্ভব?

Source — https://www.hadithbd.com/books/link/?id=13977

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন